



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/নেত্রকোণা-২৪/৩০১৫/৬

তারিখ : ২২/০৭/২০১৮ খ্রিঃ

বিষয় : সভাপতি হিসাবে জনাব মতিউর রহমান এর পদ বাতিলপূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।


সূত্র : নং- বামাশিবো/প্রশা/নেত্রকোণা-২৪/৩০১৫/৬; তারিখ : ২৮/০৫/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন মধুয়াকোণা এ ইউ আলিম মদ্রাসার গভার্ণিং বডি'র সভাপতি জনাব মতিউর রহমান এর বিরুদ্ধে অসৎ কাজে লিপ্ত থাকা, অর্থ লোভ, শিক্ষক-কর্মচারী নিয়োগে উৎকোচ গ্রহণসহ বিভিন্ন অনিয়মের কারণ উল্লেখ করে তাঁর সভাপতি পদ বাতিল করে জনাব মোঃ শহর আলী, পিতা-শের আলীকে মনোনয়ন দেয়ার জন্য মাননীয় সংসদ সদস্য ১৫৭, নেত্রকোণা-১ একখানা ডিও লেটার প্রেরণ করেন।

স্থানীয় সংসদ সদস্যের ডিও লেটারের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৩৩০১৭১১২৯৭১১/৪৫৬০/নথি নং-২৪; তারিখঃ ০৩/০১/২০১৮খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে জনাব মতিউর রহমান এর পদ কেন বাতিল করা হবে না মর্মে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সন্তোষজনক জবাব দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি জনাব মতিউর রহমান কোন জবাব দাখিল করেননি বিধায় সভাপতি হিসেবে তাঁর পদ বাতিলের ক্ষেত্রে কোন বক্তব্য নেই মর্মে প্রতীয়মান হয়েছে।


বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধান ৩৮(১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৩৩০১৭১১২৯৭১১/৪৫৬০/নথি নং-২৪; তারিখঃ ০৩/০১/২০১৮খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে জনাব মতিউর রহমান এর পদ এতদ্বারা বাতিল করা হলো এবং গভার্ণিং বডি'র অবশিষ্ট সময়ের জন্য স্থানীয় সংসদ সদস্যের সুপারিশকৃত ব্যক্তি জনাব মোঃ শহর আলী, পিতা-শের আলীকে সভাপতি হিসেবে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


11.07.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮


১১/০৭/১৮

প্রাপকঃ অধ্যক্ষ, মধুয়াকোণা এ ইউ আলিম মদ্রাসা, দুর্গাপুর, নেত্রকোণা।

নং- বামাশিবো/প্রশা/নেত্রকোণা-২৪/

তারিখ : /০৭/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
৪. সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, মধুয়াকোণা এ ইউ আলিম মদ্রাসা, দুর্গাপুর, নেত্রকোণা।
৫. জনাব মতিউর রহমান, বাতিলকৃত সভাপতি- গভার্ণিং বডি, মধুয়াকোণা এ ইউ আলিম মদ্রাসা, দুর্গাপুর, নেত্রকোণা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪